ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৫৭

আগরতলা,৬ মে,২০২৫

**আগামীকাল অসামরিক প্রতিরক্ষা বিষয়ক মহড়া**

সারা দেশ তথা রাজ্যের সাথে পশ্চিম ত্রিপুরা জেলায়ও আগামীকাল অসামরিক প্রতিরক্ষা বিষয়ক এক মহড়া অনুষ্ঠিত হবে। আজ পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন কার্যালয়ের ভিডিও কনফারেন্স হলে এ বিষয়ে আয়োজিত এক প্রস্তুতি সভায় জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার একথা জানান। সভায় নয়াদিল্লিতে এই বিষয়ে অনুষ্ঠিত মহানির্দেশনালয় অগ্নিনির্বাপক সেবা, নাগরিক সুরক্ষা এবং গৃহ রক্ষক নাগরিক সুরক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত সভার সাথেও ভিডিও প্রদর্শনের মাধ্যমে মতবিনিময় করা হয়। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের আধিকারিকগণ, আরক্ষা, শিক্ষা ও স্বাস্থ্য সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার জানান, আগামীকাল আগরতলার উমাকান্ত মাঠে এই মহড়া অনুষ্ঠিত হবে বিকাল ৪টায়। সেখানে সিভিল ডিফেন্স এক্সারসাইজ অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহণ করবে ডিস্ট্রিক্ট কন্ট্রোলার, জেলাস্তরের বিভিন্ন আধিকারিক, সিভিল ডিফেন্স, ওয়ার্ডেনস, স্বেচ্ছাসেবকরা, হোমগার্ড কর্মীগণ, এন.সি.সি., এন.এস.এস., এন.ওয়াই.কে.এস., বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকাগণ এবং স্বাস্থ্যকর্মীগণ। যে কোনও পরিস্থিতিতে কীভাবে নিজেদের সুরক্ষিত রাখতে হবে এবং এই পরিস্থিতির মোকাবিলা কীভাবে করতে হবে এসব বিষয়ে এই মহড়া অনুষ্ঠিত হবে।

সভায় সিদ্ধান্ত হয়, আগামীকাল একই সময়ে উমাকান্ত মাঠের সাথে জিরানীয়া মহকুমা ও মোহনপুর মহকুমায়ও মহকুমা প্রশাসনের উদ্যোগে এই মহড়া অনুষ্ঠিত হবে। ৪টা ৫ মিনিটে ওয়ার্নিং সাইরেন বাজানো হবে এবং তখন বিদ্যুৎ সংযোগ চলে যাবে। সাড়ে ৪টায় হাসপাতাল, বিদ্যুৎ বিভাগের ও স্বেচ্ছাসেবকদের সতর্ক করার জন্য সাইরেন বাজানো হবে। সাড়ে ৫টায় সম্পূর্ণ অ্যালার্ট সাইরেন বাজানো হবে, তখন সমস্ত সুরক্ষা ব্যবস্থার কর্মীগণ তাদের কাজ শুরু করে দেবেন। মাঠে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা থাকবে। যুদ্ধে আহতদের জিবিতে নিয়ে যাওয়া হবে অর্থাৎ উমাকান্ত মাঠ থেকে জিবি হাসপাতাল পর্যন্ত এই মহড়া অনুষ্ঠিত হবে।

*****